

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৮০

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - নাম রাখা

### আরবী

رَعَنْهُ

عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا تَقُولُوا لِلْمُنَافِقِ سَيِّدٌ فَإِنَّهُ إِنْ يَكُ سَيِّدًا فَقَدْ أَسْخَطْتُمْ رَبَّكُمْ» . رَوَاهُ أَبُو دَاؤد

#### বাংলা

8৭৮০-[৩১] উক্ত রাবী [হুযায়ফাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা কোন মুনাফিককে নেতা বলবে না। কেননা সে যখনই তোমাদের নেতা হয় বা তোমরা তাকে নেতা বলবে, তখন তোমরা তোমাদের প্রতিপালককে অসম্ভুষ্ট করলে। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৪৯৭৭, সিলসিলাতুস্ সহীহাহ্ ৩৭০, সহীহ আল জামি'উস সগীর ৭৪০৫, সহীহ আল আদাবুল মুফরাদ ৫৮৮, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৯২৩।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ হুযায়ফাহ্ (রাঃ) বর্ণিত হাদীসে মুনাফিককে سید সাইয়িদ) বলতে নিষেধ করা হয়েছে যে হাদীসটি হাদীস গ্রন্থ আবৃ দাউদে রয়েছে। এ হাদীসে মুনাফিককে سید বলা যাবে না তাহলে বুঝা যায় مؤمن (মু'মিন)-কে সাইয়িদ বলা যাবে। আর এটা বিরোধী নয় যা বর্ণনা করেছে আহমাদ ও হাকিম 'আবদুল্লাহ ইবনু শিখখীর হতে মারফু' হিসেবে। السید দারা আল্লাহ তা'আলাকেই বুঝানো হয়েছে। যা মুসনাদ আহমাদে রয়েছে। আর যদি কেউ মুনাফিককে سید বলে তাহলে সে যেন আল্লাহ তা'আলাকে রাগান্বিত করল আর যে আল্লাহ তা'আলাকে রাগান্বিত করল সে যেন বড় পাপ করল। আর এ হাদীসের ভাষ্য দারা মুনাফিককে سید বলা যাবে না। বললে আল্লাহ তা'আলাকে রাগান্বিত করা হয়। (মিরক্লাতুল মাফাতীহ) [সম্পাদক]



শিক্ষা ও মূলকথা : السيد ও المولى। (আল মাওলা ও আস্ সাইয়িদ) উভয় শব্দটি আল্লাহ তা আলার জন্য প্রকৃত পক্ষ প্রযোজ্য, অন্যের জন্য রূপক হিসেবে ব্যবহার করা হয়। না করাটাই অনেক ভালো ও সঠিক। আল্লাহ আমাদেরকে তাওফীক দান করুন। পরিচিতির জন্য অনেকে ব্যবহার করে থাকে জায়িয মনে করে। والله أعلم। (আল্লাহ অধিক ভালো জানেন।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন